



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউনিয়ন পরিষদ -১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)


শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০৬০০.০১৭.২৭.০০১.১৭-৩০

তারিখ: ২৭ পৌষ ১৪২৭  
১১ জানুয়ারি ২০২১

### বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব দিপালী হালদার, ৪, ৫ ও ৬নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ০৩নং জল্লা ইউনিয়ন পরিষদ, উজিরপুর, বরিশাল-কে ডা: মো: শওকত আলী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা উজিরপুর এর কাছে কতিপয় ব্যক্তিদের যাচাই-বাছাই ব্যতিরেকে জোরপূর্বক প্রতিবন্ধী সনদ প্রদানে চাপ প্রয়োগ, অকথ্য ভাষায় গালিগালাজ করা, ইর্মাডেস্পি বিভাগের রোগীদের চিকিৎসা প্রদানে বাধা প্রদান, সোলার স্থাপন কাজে নিয়োজিত ব্যক্তিদের সাথে অসদাচরণ ও হুমকি প্রদানের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত জেলা প্রশাসক, বরিশাল এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১১ জানুয়ারি, ২০২১ তারিখের ২৯ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, বরিশাল এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১১/০১/২০২১  
(মো: আবুজাফর রিপন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৮৬৬০৫  
ই-মেইল: up1lgd@gmail.com

জনাব দিপালী হালদার  
ইউপি সদস্য, সংরক্ষিত ৪, ৫ ও ৬নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত)  
০৩নং জল্লা ইউনিয়ন পরিষদ  
উজিরপুর, বরিশাল।

### বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, বরিশাল (উল্লিখিত ইউপি সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল।
- ✓ ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

### অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।